



অধ্যক্ষ
সরকারি মাইকেল মধুসূদন কলেজ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর
(আইসিটি শাখা)
www.jessore.gov.bd

স্মারক সংখ্যা-০৫.৪৪.৪১০০.০২০.০৪.০০১.২২- ৩৩৯

তারিখ: ০৮ নভেম্বর ২০২২

বিষয় : 'ডিজিটাল উদ্ভাবনী মেলা-২০২২' আয়োজন সংক্রান্ত।।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এবং উদ্ভাবনী অলিম্পিয়াডের নির্দেশিকার আলোকে আগামী ০৩-০৪ ডিসেম্বর ২০২২ তারিখ যশোর টাউন হল ময়দানে ডিজিটাল মেলা আয়োজন করা হবে। উক্ত মেলায় প্যাভিলিয়ন:১ এ নিম্নলিখিত গ্রুপে স্থানীয় উদ্ভাবকের/শিক্ষার্থীদের উদ্ভাবন ও স্টার্টআপ প্রদর্শনের মাধ্যমে প্রতিযোগিতা আয়োজন করা হবে।

প্যাভিলিয়ন ১: উদ্ভাবনী উদ্যোগ এবং স্টার্টআপ:

ডিজিটাল উদ্ভাবনী মেলায় উদ্ভাবনী অলিম্পিয়াডের অংশ হিসেবে উদ্ভাবনী আইডিয়া/প্রজেক্ট প্রদর্শনার মাধ্যমে প্রতিযোগিতা আয়োজিত হবে।

প্রতিযোগিতা নিম্নবর্ণিত ০৩টি গ্রুপে অনুষ্ঠিত হবে:

গ্রুপ (ক): মাধ্যমিক পর্যায়

গ্রুপ (খ): উচ্চ মাধ্যমিক পর্যায়

গ্রুপ (গ): উন্মুক্ত

জেলা পর্যায়ে উদ্ভাবনী ধারণা/আইডিয়া/প্রকল্প প্রাপ্তি সাপেক্ষে প্রতিটি গ্রুপে ১ম, ২য় ও ৩য় হিসেবে ৩ জনকে নির্বাচনের মাধ্যমে পুরস্কৃত করা হবে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ এ স্টল বরাদ্দ নিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। আগ্রহী শিক্ষার্থী সরাসরি অথবা প্রতিষ্ঠানের মাধ্যমে স্টল বরাদ্দ নিবেন।

এমতাবস্থায়, আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থীর ছক মোতাবেক তথ্য আগামী ১৫ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সরাসরি আইসিটি শাখা অথবা ইমেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর নাম, ক্লাস, সোল ও শ্রেণি	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	কি প্রদর্শিত হবে	ফোকাল পার্সনের নাম ও পদবী	মোবাইল নম্বর	ইমেইল
১	২	৩	৪	৫	

- যোগাযোগ : জনাব নুসরাত ইয়াসমিন, সহকারী কমিশনার, আইসিটি শাখা, যশোর
মোবাইল নং ০১৭০৩৯৪৮৩৮৯, ই-মেইল : acictjashore@gmail.com
বিষয়টি অর্ন্তীভব জরুরী।

USEO সদর, যশোর

১৫. ১১.২২
নুসরাত ইয়াসমিন
সহকারী কমিশনার
আইসিটি শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।

১-১-০

জেলা শিক্ষা অফিসার
যশোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
যশোর সদর, যশোর।

স্মারক নং : উমাশিঅ/সয-২২/৪০৮

তারিখ: ০২/১১/২০২২

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার

.....মুল/মাদ্রাসা/কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, যশোর সদর, যশোর।

বর্ণিত পত্র অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী আগামী ১৫/১১/২০২২ তারিখের মধ্যে আপনার প্রতিষ্ঠানের আগ্রহী শিক্ষার্থীর তথ্য 'ছক' মোতাবেক একসেট সরাসরি জেলা প্রশাসকের কার্যালয় ও একসেট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ রবিউল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
যশোর সদর, যশোর।

০২/১১/২২